

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : শাহিদা সুলতানা, জেলা প্রশাসক, গোপালগঞ্জ;  
সভার তারিখ : ০৫ জুলাই ২০২২ খ্রি.  
সভার সময় : বিকেল ০৪:০০ টা;  
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, গোপালগঞ্জ

**উপস্থিত সদস্যবৃন্দ :**

০১।	জনাব মো: রাশেদুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গোপালগঞ্জ	= স্বাক্ষরিত
০২।	জনাব মো: শাহরিয়ার রহমান, নেজারত ডেপুটি কালেক্টর, গোপালগঞ্জ	= স্বাক্ষরিত
০৩।	জনাব মো: সালাহউদ্দিন আইয়ুবী, ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিক্ষা শাখা	= স্বাক্ষরিত
০৪।	জনাব মো: শাহরিয়ার রহমান, সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা	= স্বাক্ষরিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান ২০২১-২০২২ অর্থ বছরে প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।

**১.২ : নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন :**

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
২০২১-২০২২ অর্থ বছরে এপ্রিল-জুন ২০২২ এর ৪র্থ কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা ও প্রমাণক পরীক্ষান্তে দেখা যায় যে, উক্ত ত্রৈমাসিকে আলোচিত ০৫ টি সিদ্ধান্তের মধ্যে সবগুলোই বাস্তবায়ন করা হয়েছে।	জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মচারী।

**১.৩ : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:**

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
এপ্রিল-জুন ২০২২ এর ৪র্থ কোয়ার্টারে ১৪ জুন ২০২২ খ্রি. তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় জেলা প্রশাসকের কার্যালয়ে আগত সেবা গ্রহীতাগণ অংশগ্রহণ করেন। প্রত্যেক কোয়ার্টারে একটি করে সভা আহবান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গোপালগঞ্জ।

**১.৪ : শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন :**

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি কার্যালয়ের কর্মচারীদের বছরে ৬০ ঘণ্টা প্রশিক্ষণ কর্মসূচির আওতায় অনুষ্ঠেয় প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গোপালগঞ্জ; - প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা।

**১.৫ : কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) :**

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণ, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব চলাকালে স্বাস্থ্যবিধি অনুসরণ এবং প্রতিটি কক্ষ ও অফিস আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন করণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং সার্বিক কার্যক্রম সন্তোষজনক।	জেলা প্রশাসকের কার্যালয়ের সকল কর্মকর্তা / কর্মচারী।

১.৬: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ ও ত্রৈমাসিক প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে অপলোডকরণ:

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ ও ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদন সমূহ সেবাবঞ্চে আপলোড দেয়ার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

১.৭: শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ :

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ হতে গ্রেড অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য জেলা পর্যায়ে ০৩ জন ও উপজেলা পর্যায়ে ০৩ জন নির্বাচন করা হয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

ক্রমিক ২: (ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার)

২.১: ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী সরকারের রাজস্ব বাজেটের অধীনে কোন ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে ক্রয়কারি প্রতিষ্ঠান অর্থ বছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ক্রয়-পরিকল্পনা মোতাবেক বার্ষিক কর্ম-পরিকল্পনা ছকের নির্ধারিত অংশ পূরণ করা হয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / নেজারত ডেপুটি কালেক্টর, গোপালগঞ্জ।

ক্রমিক ৩: শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:

৩.১: স্ব স্ব কার্যালয়ের মালামাল ক্রয়ের ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধ।

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
মালামাল ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত আছে। বিষয়টি যথাযথভাবে মনিটরিং করা হয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ নেজারত ডেপুটি কালেক্টর, গোপালগঞ্জ।

৩.২: স্ব স্ব কর্মক্ষেত্রের মধ্যে ভূমি জবর-দখল দুর্নীতি প্রতিরোধ।

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলার মধ্যে ভূমি জবর-দখল সংক্রান্ত কোনো অভিযোগ নেই। এরূপ ঘটনার উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে তার সমাধান করতে হবে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর সভাপতিত্বে এ সংক্রান্ত প্রতি কোয়ার্টারে ১টি করে সভা আহবান করে জেলা প্রশাসক এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, গোপালগঞ্জ।

৩.৩: স্ব স্ব কার্যালয়ের অধীনে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের অবৈধ নিয়োগের বাণিজ্য প্রতিরোধ।

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
সকল প্রকার নিয়োগের ক্ষেত্রে অবৈধ আর্থিক লেনদেন বন্ধ করা হয়েছে। স্বচ্ছতানির্ভর নিয়োগ প্রদান করা হচ্ছে। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে দুর্নীতি পরিহারে সজাগ দৃষ্টি রাখছেন।	জেলা/উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা।

৫


৩.৪: জেলা প্রশাসনের অধীনের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অবৈধ নিয়োগ বাণিজ্য এবং অবৈধভাবে ফি সংগ্রহ।

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
জেলা প্রশাসনের অধীনের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়োগের ক্ষেত্রে বা অবৈধভাবে বিভিন্ন ফি নেয়া হলে তাৎক্ষণিকভাবে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সার্বিক বিষয়টি মনিটরিং করছেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গোপালগঞ্জ।

৩.৫: শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে সঠিক কর্মকর্তা-কর্মচারী বাছাই তালিকা প্রণয়নের ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধ।

আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
শুদ্ধাচার পুরস্কারের ক্ষেত্রে উপযুক্ত কর্মকর্তা-কর্মচারী বাছাই করা হচ্ছে। এক্ষেত্রে অধিক সতর্কতার সাথে প্রাপ্যতা নিশ্চিত করা হয়েছে। পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে আপলোড দিতে হবে।	শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জনিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
শাহিদা সুলতানা  
জেলা প্রশাসক  
গোপালগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৩০.৩৫০০.০০৫.০৫.০০১.২২. ০৬৫

তারিখ : ০৫ জুলাই ২০২২ খ্রি.

সদয় অবগতি / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ;
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ;
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কোটালীপাড়া/কাশিয়ানী/টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ;
- ০৭। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, ..... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ;
- ০৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, জেলা কার্যালয়, গোপালগঞ্জ। সভার কার্যবিবরণীটি জেলা প্রশাসকের শুদ্ধাচার সেবাবক্সে আপলোডের জন্য;
- ০৮। ..... গোপালগঞ্জ;
- ০৯। অফিস কপি।